দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 MAR 2016 ...
পৃ ... ৬ ... কলাম ... ৪ ...

# প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষে দক্ষতা বাড়াতে ১০৪ জনকে প্রশিক্ষণ

■ বিশেষ প্রতিনিধি

প্রাক-প্রাথমিক শিক্ষায় শ্রেণিকক্ষে পাঠদানের ক্ষেত্রে জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির গুণগত উন্নয়নে ৯ মাসব্যাপী ৯০ জন সুপারভাইজার ও ১৪ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ দিয়েছে আগা খান ফাউন্ডেশন। এই প্রশিক্ষণে সরকারি এবং এনজিও থেকে প্রশিক্ষণার্থীরা অংশ নেন। যেসব এনজিও থেকে প্রশিক্ষণার্থীরা অংশ নিয়েছেন সেগুলো হল ব্র্যাক, ঢাকা আহ্ছানিয়া মিশন, ফুলকি, সুরভি এবং ওয়ার্ল্ডভিশন। আগা খান ফাউন্ডেশন এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে।

এই প্রশিক্ষণ সংক্রান্ত এক সেমিনারে প্রাথমিক শিক্ষা অধিদফতরের পলিসি ও অপারেশন বিষয়ক পরিচালক আনোয়ারুল হক বলেছেন, প্রাক-প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে সরকার ও সুশীল সমাজের মধ্যে সহযোগিতা জরুরি।

ইউনিসেফের শিক্ষাবিষয়ক প্রধান পবন কুচিতা বলেছেন, প্রাক-প্রাথমিক শিক্ষায় সুপারভাইজাররা হলেন খুবই গুরুত্বপূর্ণ ব্যক্তি। কী করতে হবে এবং কীভাবে করতে হবে এ সম্পর্কে এ বিষয়ে আমাদের আরও অনেক জ্ঞানের প্রয়োজন। আগা খান ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিমা কাসেম বলেছেন, শ্রেণীকক্ষে গুণগত শিক্ষার বিষয়ে সুপারভাইজারদের অনেক দায়িত্ব রয়েছে।